

**BENGALI**

**Paper II**

( LITERATURE )

Time allowed : **Three Hours**

Maximum Marks : **250**

**QUESTION PAPER SPECIFIC INSTRUCTIONS**

*Please read each of the following instructions carefully before attempting questions :*

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Questions no. **1** and **5** are compulsory and out of the remaining, **THREE** are to be attempted choosing at least **ONE** from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in chronological order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*



## SECTION A

Q1. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার উর্ধ্বসীমা 150)

10×5=50

(a) বঁধুর পিরীতি আরতি দেখিয়া

মোর মনে হেন করে ।

কলঙ্কের ডালি মাথায় করিয়া

আনল ভেজাই ঘরে ॥

আপনার দুখ সুখ করি মানে

আমার দুখের দুখী ।

10

(b) মোর মুখে বজ্র তুমি, তুমি হও শ্রোতা

অত্যন্ত রহস্য গুন সাধনের কথা ॥

রাধাকৃষ্ণের লীলা এই ভগতি গূঢ়তর ।

দাস্য-বাৎসল্যাদিভাবের নাহয় গোচর ॥

10

(c) তিনি মহিমাময় লোকহিতকর নৈতিক সত্যের সহিত অনিষ্টকারক মিথ্যা মিশাইয়া, সেই মিশ্র পদার্থকে আপনার অদ্ভুত বাগিঙ্গজালের গুণে লোকবিমোহিনী শক্তি দিয়া ফরাসীদিগের হৃদয়াধিকারে প্রেরণ করিয়াছিলেন । ... তাঁহার প্রেরিত সংকথানুসারিণী ভ্রান্তিও ফরাসীদিগের জীবনযাত্রার একমাত্র বীজমন্ত্র বলিয়া গৃহীত হইল । সকল ফরাসী তাঁহার মানসশিষ্য হইল । তাহারা সেই শিক্ষার গুণে ফরাসী বিপ্লব উপস্থিত করিল ।

10

(d) আমার পৃথিবী তুমি

বহু বরষের । তোমার মৃত্তিকা-সনে

আমারে মিশায়ে লয়ে অনন্ত গগনে

অশ্রান্ত চরণে করিয়াছ প্রদক্ষিণ

সবিত্তমণ্ডল অসংখ্য রজনী দিন

যুগযুগান্তর ধরি; আমার মাঝারে

উঠিয়াছে তৃণ তব, পুষ্প ভারে ভারে

ফুটিয়াছে, বর্ষণ করেছে তরুরাজি

পত্রফুলফল গন্ধরেণু ।

10



(e) অশ্রুভেদী চূড়া যদি যায় গুঁড়া হয়ে  
বজ্রাঘাতে, কভু নহে ভূধর অধীর  
সে পীড়নে । বিশেষতঃ এ ভবমণ্ডল  
মায়াময়; বৃথা এর দুঃখ, সুখ যত ।  
মোহের ছলনে ভুলে অজ্ঞান যে জন । 10

Q2. (a) ‘দেবতারে প্রিয় করি প্রিয়েরে দেবতা’ – আধুনিক কবির এই মন্তব্য  
বৈষ্ণবপদাবলীর বিশ্লেষণ কীভাবে সহায়তা করে ? 15

(b) আধুনিক কবির এই দৃষ্টিভঙ্গির সঙ্গে বৈষ্ণব মহাজন পদকর্তাদের পার্থক্য কোথায়  
তা কবির মানসভঙ্গি গঠনের কথা মাথায় রেখে আলোচনা করুন । 15

(c) ব্যাধ, বীর, রাজা ও ভদ্র বাঙালি এই চতুর্বিধ জীবন-সংস্কারের একত্র  
সামঞ্জস্যের অভাবে মুকুন্দের ‘চন্দীমঙ্গল’ কাব্যের কালকেতু-চরিত্রটির সংহতি  
নষ্ট হয়েছে । এই মন্তব্যের যৌক্তিকতা যথোচিতভাবে পরীক্ষা করুন । 20

Q3. (a) ‘কপালকুন্দলা’ উপন্যাসকে যুগপৎ ‘রোমান্স’ ও ‘নভেল’ বলা যায় কিনা,  
উভয়ের সংজ্ঞা নির্দেশ করে বুঝিয়ে দিন । 15

(b) ‘কপালকুন্দলার’ পরিণতি অংশের যে বদল বঙ্কিমচন্দ্র করেছিলেন তার কারণ  
নির্দেশ করুন । 15

(c) ‘সোনার তরী’ কাব্যের অধিকাংশ কবিতায় যে প্রধান সুরটি ধ্বনিত হয়েছে তারই  
সংহত প্রকাশ ঘটে তার সনেটগুলিতে ।’ আলোচনা করুন । 20

Q4. (a) ‘ছিন্নপত্রাবলী’তে নিসর্গের যে অপূর্ব বর্ণনা রয়েছে কয়েকটি দৃষ্টান্তসহ তার  
সাফল্য বিশ্লেষণ করুন । 15

(b) পত্রসাহিত্যের ধারায় ‘ছিন্নপত্রাবলী’র স্থান নির্ণয় করুন । 15

(c) ‘মেঘনাদবধ কাব্য’ – এ নারীচরিত্র সৃষ্টিতে পৌরাণিক আদর্শ এবং নতুন কালের  
নারীচেতনা এই উভয়ের মধ্যে মধুসূদন কি কোনো সামঞ্জস্য সাধন করতে  
চেয়েছেন ? কয়েকটি প্রতিনিধিমূলক নারীচরিত্র আলোচনা করে বিষয়টি নির্ণয়  
করুন । 20



## SECTION B

Q5. প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার  
উর্ধ্বসীমা 150)

10×5=50

(a) সেই অপরাহ্নের ছায়ার পাহাড়ের উপরে সে বিশাল তরুতলে দাঁড়াইয়া যেন  
সর্বব্যাপী শাস্বত কালের পিছন দিকে বহুদূরে অন্য এক অভিজ্ঞতার জগৎ  
দেখিতে পাইলাম – পৌরাণিক ও বৈদিক যুগও যার তুলনায় বর্তমানের পর্যায়ে  
পড়িয়া যায় ।

10

(b) তাহার স্থান রাজনীতি ক্ষেত্রের বাহিরে । রাজনীতি ক্ষেত্রে, আমি নীলু, আর সে  
দাদা নয় । এখানে যে ব্যক্তিগত প্রশ্ন ছাড়িয়া, যুক্তির কষ্টিপাথরে প্রত্যেক  
কার্যপদ্ধতি যাচাই করিতে হইবে, আমার পার্টির দৃষ্টিকোণ দিয়া সকল ধর্মবিচার  
করিতে হইবে; .... পৃথিবী আমার সম্বন্ধে যাহা ইচ্ছা ভাবুক, দাদা আমার  
মনোভাব ঠিক বুঝিবে; সেখানে যে সংকীর্ণতার লেশমাত্র নাই ।

10

(c) নিরর্থ হাহাকারে  
দিয়ে না দিয়ে না অভিশাপ বিধাতারে ।  
পাপের এ সঞ্চয়  
সর্বনাশের পাগলের হাতে আগে হয়ে যাক ক্ষয় ।  
বিষম দুঃখে ব্রণের পিণ্ড  
বিদীর্ণ হয়ে, তার  
কলুষপুঞ্জ করে দিক উদ্ধার ।  
ধরার বক্ষ চিরিয়া চলুক বিজ্ঞানী হাড়গিলা  
রক্তসিক্ত লুন্ধ নখর  
একদিন হবে টিলা ।

10



- (d) মেঘের ওপাশে যতো সোনামোড়া রাজ্যপাট আছে,  
আকাশে তারার কাছে যতো স্বর্গ ভাসে,  
এ প্রবাসে সবই মিথ্যে হলো ।  
জোলো সান্দ্রনার বুলি ছেড়ে দাও  
কেড়ে নাও বিশ্বাসের অন্ধ ঠুলি,  
ডুবে দেখো কতোখানি গেলে মেলে তল ।  
মানুষ সচল ।  
মানুষ আশ্চর্যতম প্রাণী;  
ডুবো পাথরের ভিতে পাতালে সে পাতে রাজধানী । 10

- (e) ইতিহাস অর্ধসত্যে কামাচ্ছন্ন এখনো কালের কিনারায়; তবুও মানুষ এই জীবনকে  
ভালোবাসে; মানুষের মন জানে জীবনের মানে : সকলের ভালো ক'রে  
জীবনযাপন । কিন্তু সেই শুভ রাষ্ট্র ঢের দূরে আজ ।  
চারিদিকে বিকলাঙ্গ অন্ধ ভিড় – অলীক প্রয়াণ । 10

- Q6. (a) এই যে 'হাওয়া বদল' থেকে 'সৃষ্টিবদল' রবীন্দ্রকাব্যে বারে বারে ঘটে চলে,  
'নবজাতক' কাব্যগ্রন্থে তার প্রকাশ কীভাবে ঘটেছে দেখান । 20

- (b) বাইরে থেকে 'মন ভোলাবার' চাইতে ভিতরের দিকের 'মননজাত অভিজ্ঞতাই'  
'নবজাতক' কাব্যের মূল প্রেরণা – কবিকথিত মন্তব্যটির ব্যাখ্যা করুন । 15

- (c) 'জীবনানন্দের কবিতায় প্রেম ও বিষাদ যেন পরস্পরের প্রতিশব্দ ।' পাঠিত  
কবিতাগুলি থেকে প্রকৃষ্ট দৃষ্টান্ত দিয়ে বিষয়াটি পরিস্ফুট করুন । 15

- Q7. (a) 'রক্তকরবী' নাটক প্রসঙ্গে স্রষ্টা স্বয়ং অনেক মন্তব্য করেছেন । সৃষ্টি সম্পর্কে  
স্রষ্টার মন্তব্য কতোটা গ্রহণযোগ্য ? 20

- (b) নন্দিনীকে 'মানবী' বলার কারণ বুঝিয়ে দিন । 15

- (c) 'গৃহদাহ' উপন্যাসের ভয়াবহ ট্রাজিক পরিণতির জন্য মূলতঃ দায়ী কে ? এ  
সম্পর্কে আপনার যুক্তি-সমর্থিত অভিমত প্রকাশ করুন । 15



- Q8. (a) জীবনযৌবন ধনমান-এর প্রতি গভীর অবসাদ ও বিষন্নতার শেষে 'এবং ইন্দ্রজিৎ' নাটকে এক গভীর জীবনবোধ-ও দেখতে পাওয়া যায় । অবসাদ, বিষন্নতা, জীবনবোধ নাটক অনুসরণে এগুলির পরিচয় দিন । 20
- (b) উদ্ভট নাটকের শৈলী ও জীবনদর্শনের নিরিখে 'এক, ইন্দ্রজিৎ'-কে উদ্ভট নাটক বলা যথাযথ কিনা দেখান । 15
- (c) পাঠ্যান্তর্গত মানিক বন্দ্যোপাধ্যায়ের ছোটগল্পগুলি থেকে উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে তাঁর গল্পে কালানুযায়ী দৃষ্টিভঙ্গি পরিবর্তনের চিত্র তুলে ধরুন । 15

